JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/2/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেন যে বাফেলো স্কাইওয়ে করিডোর প্রতিযোগিতার (BUFFALO SKYWAY CORRIDOR COMPETITION) জন্য 100 টিরও বেশি প্রারম্ভিক ফরম জমা পড়েছে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) কর্তৃক পর্যালোচনার অধীনে ফরম জমাদান; 20 জন পর্যন্ত ভাগ 1 এর উত্তরদাতাকে ভাগ 2 এ অগ্রসর হওয়ার জন্য আমন্ত্রণ জানানো হবে

নকশা প্রস্তাবে বিজয়ীকে 100,000 মার্কিন ডলার, দ্বিতীয় স্থান অর্জনকারীকে 50,000 মার্কিন ডলার এবং তৃতীয় স্থান অর্জনকারীকে 25,000 মার্কিন ডলার পুরস্কার হিসেবে প্রদান করা হবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেন যে বাফেলো স্কাইওয়ে করিডোর প্রতিযোগিতার জন্য ভাগ 1 এর জমাদানের সময় শুক্রবারে শেষ হয়েছে এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট নিউ ইয়র্কের বিভিন্ন এলাকা ও সমগ্র যুক্তরাষ্ট্র হতে এবং এমনকি কানাডা, ইতালি, ভারত ও চীন হতে কিছু আন্তর্জাতিক এন্ট্রিসহ 100 টিরও বেশি জমা গ্রহণ করেছে। এই প্রতিযোগিতায় দেশের শীর্ষ নগর নকশাবিদ, অর্থনীতিবিদ, পরিকল্পক এবং স্থপতিগণের প্রতিনিধিত্বকারী ব্যক্তি বা দলের প্রতি করিডোরটি নিয়ে পুনরায় কল্পনা করার, বাফেলো সিটির ওয়াটারফ্রন্টের জন্য একটি পরিষ্কার ভিশন নির্ধারণে সাহায্য করার, প্লেসমেকিং এ বিনিয়োগের নির্দেশনা প্রদানের এবং অর্থনৈতিক উন্নয়নের সুযোগ সৃষ্টি করার চ্যালেঞ্জ জানানো হয়েছে।

"আমরা সমগ্র দেশ ও দেশের বাইরে হতে সৃজনশীল ধারণার জন্য উত্তর পেয়েছি যা স্কাইওয়ে করিডোরকে পুনরায় কল্পনা করে এবং বাফেলো কমিউনিটির সুবিধার্থে উদ্ভাবনী উপায়ের প্রস্তাব করে", **গভর্নর কুওমো বলেন।** "স্কাইওয়ে করিডোরের জন্য একটি নতুন ভিশন হবে বাফেলোর চলমান সংস্কার ও পুনরভ্যুদয়ে সর্বশেষ ধাপ এগিয়ে যাওয়া এবং যে প্রস্তানাগুলি এটিকে বাস্তবতায় রূপ দিতে পারবে সেগুলো আমরা পর্যালোচনা করতে চাচ্ছি।"

"আমাদের উদ্ভাবনী স্কাইওয়ে ডিজাইন প্রতিযোগিতা বাফেলোর ওয়াটারফ্রন্টে উল্লেখযোগ্য রূপান্তর বিনির্মাণে সাহায্য করবে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমাদের ওয়াটারফ্রন্টে অধিক দর্শনার্থী আসায়, আমাদেরকে ভবিষ্যৎ নিয়ে পুনরায় ভাবতে হবে এবং আজকের এবং আগামীর পরিবহন চাহিদা মোকাবেলায় নতুন ধারণাসমূহ সামনে আনবে। এই প্রারম্ভিক প্রস্তাবনা জমাদান এই গুরুত্বপূর্ণ উদ্যোগের একটি দারুণ আরম্ভ।"

অংশগ্রহণকারীদের প্রতি সীমিত ক্রয়ক্ষমতা, সাধ্যতা এবং প্রযুক্তিগত অর্জনযোগ্যতার মধ্যে বাস্তবায়ন করা যেতে পারে, বিশেষত প্রত্যাশিত ট্রাফিক সংকুলান করার উদ্দেশ্যে, এমন সমাধান শেয়ার করার জন্য চ্যালেঞ্জ জানানো হচ্ছে। নকশা প্রস্তাবের বিজয়ীকে 100,000 মার্কিন ডলার, দ্বিতীয় স্থান অর্জনকারীকে 50,000 মার্কিন ডলার এবং তৃতীয় স্থান অর্জনকারীকে 25,000 মার্কিন ডলার পুরস্কার হিসেবে প্রদান করা হবে। বিজয়ীদের নাম সেপ্টেম্বরে ঘোষণা করা হবে।

জমাদান প্রক্রিয়া দুই-ভাগে বিভক্ত। ভাগ 1, এখন বন্ধ রয়েছে, প্রতিযোগীদের তাদের ধারণা এবং কিভাবে তা প্রতিযোগিতার মূল উদ্দেশ্য ও সীমাবদ্ধতাসমূহকে পূরণ করবে তার সংক্ষিপ্ত বিবরণ প্রদানের মাধ্যমে আবেদন করতে হয়েছিল। এই প্রস্তাবনাগুলো প্রতিযোগিতার লক্ষ্য, প্রযুক্তিগত জটিলতা এবং সাধ্যতার প্রতি সংবেদনশীলতার জন্য মূল্যায়ন করা হবে।

মূল্যায়নের নিয়ামকগুলি পূরণ করেছে বলে নির্ধারিত 20 জন পর্যন্ত ভাগ 1 এর উত্তরদাতাকে ভাগ 2 প্রস্তাবনা জমাদানের জন্য আমন্ত্রণ জানানো হবে যা উন্মুক্ত হবে সোমবার, 15 জুলাই। ভাগ 2 এ প্রস্তাবনা জমাদানের শর্তাবলির মধ্যে থাকবে একটি সম্পূর্ণ কারিগরি প্রস্তাবনা, সম্পন্ন গ্রাফিক্স সহ যা গ্যালারিতে প্রদর্শনীর উপযুক্ত হবে।

ভাগ 2 এর প্রস্তাবনাগুলি জমাদানের জন্য বিশেষজ্ঞ বিচারকদের একত্রিত করা হয়েছে এবং তারা তিনটি পুরস্কার বিজয়ী নির্বাচনের জন্য ইভেন্টের দিন চূড়ান্ত পর্বে অংশগ্রহণকারীদের কথা শুনবেন। বিচারকগণ যেসব নিরামক বিবেচনা করবেন: একটি বিশেষ ভিশনের বাস্তবায়ন ও অর্থায়নে খরচ; একটি ভিশনের সুবিধাদি কত ভালোভাবে সংখ্যায় ব্যক্ত করা হয়েছে এবং এগুলো কীভাবে সম্পন্নকরণের খরচ অধিক হওয়া প্রদর্শন করে; এবং এই পরিকল্পনা কীভাবে ভবিষ্যতে ডাউনটাউন ও "সাউথটাউন", শহরের দক্ষিণাঞ্চলের শহরতলি, এর মধ্যকার প্রাত্যহিক ট্রাফিকের ব্যবস্থা করতে পারবে।

গভর্নর কুওমো ফেব্রুয়ারিতে বর্তমান স্কাইওয়ে করিডোরের জন্য এক নতুন ভিশনের সর্বোত্তম আইডিয়া প্রদানের সনির্বন্ধ অনুরোধ জানিয়ে একটি জাতীয় নকশা প্রতিযোগিতা আয়োজনের ইচ্ছা প্রকাশ করেন। চার-লেনের লিমিটেড অ্যাক্সেস এক্সপ্রেসওয়ে স্কাইওয়েটি শহরের বাফেলো রিভার (Buffalo River) এবং লেক এরি (Lake Erie) ওয়াটারফ্রন্ট ধরে চার মাইল পর্যন্ত এগিয়েছে এবং আঞ্চলিক হাইওয়ে সিস্টেমের অংশ হিসেবে প্রতিদিন কমিউটার ট্রাফিকের প্রায় 40,000 টি ট্রিপ বহন করছে। 1953 সালে সম্পূর্ণ হওয়া স্কাইওয়েটি মূলত একাধিক বৃহদাকার ও ছোট ফ্যাক্টরি কমপ্লেক্স এর ট্রাক ট্রাফিক এবং বাফেলো বন্দরকে (Port of Buffalo) তৎকালীন নতুন চালু হওয়া আন্তঃস্টেট হাইওয়ে সিস্টেমের সাথে সংযুক্ত করার উদ্দেশ্যে নকশা করা হয়েছিল। 1980 সালে অঞ্চলের প্রধান স্টিল প্লান্ট বন্ধ হয়ে যাওয়া এবং করিডোর সংশ্লিষ্ট জায়গা ভারী উৎপাদনের বদলে বিনোদনের জন্য ব্যবহার করা শুরু হওয়ায়, বর্তমানে স্কাইওয়েটি মূলত - "সাউথটাউন" থেকে আসা নিত্যদিনের কমিউটার ট্রাফিক সংকুলানের সেবা প্রদান করছে।

গভর্নর কুওমো ইতোপূর্বে প্রতিযোগিতার বিচারক প্যানেল ও সভাপতির নাম ঘোষণা করেছেন। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা ও কমিশনার হাওয়ার্ড জেমস্কি, বাফেলোর মেয়র বায়রন ব্রাউন, নিউ ইয়র্ক সেক্রেটারি অব স্টেট, রোজানা রোসাডো এবং

স্থাপত্য, নকশা, নগর পরিকল্পনা ও পরিবহণ ক্ষেত্রের স্থানীয় ও জাতীয় বিশেষজ্ঞগণসহ 10 জন প্যানেলিস্টকে সাথে নিয়ে প্যানেলের সভাপতিত্ব করবেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন